পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন “এসডিজি ডাটা রিপোর্টিং: সমন্বয়ের মাধ্যমে নিয়মিত জাতীয় পরিসংখ্যান ব্যবহারের সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক কারিগরি প্রকল্পের সহায়তায় “এসডিজি স্থানীয়করণ “(SDG Localization) বিষয়ে ঢাকা বিভাগীয় পর্যায়ের একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারের সভাপতিত্ব করেন ঢাকা বিভাগীয় কমিশনার জনাব শরফ উদ্দিন আহমেদ চৌধুরী।

সেমিনারটি গত ১৮ ডিসেম্বর ২০২৫ (বৃহস্পতিবার) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর প্রধান কার্যালয় শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-তে অনুষ্ঠিত হয়। সেমিনারে ঢাকা বিভাগের অন্তর্ভুক্ত সকল জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের প্রতিনিধি, বিভাগীয় ও জেলা পর্যায়ের সরকারি কর্মকর্তা এবং সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

সেমিনারে এসডিজি বাস্তবায়নে জেলা পর্যায়ে তথ্যভিত্তিক পরিকল্পনা প্রণয়ন, অগ্রগতি পরিমাপ এবং কার্যকর মনিটরিং ব্যবস্থাপনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিশেষ করে SDG Localization কার্যক্রমকে আরও শক্তিশালী করতে জেলা প্রশাসনের ভূমিকা ও করণীয় বিষয়গুলো গুরুত্ব সহকারে উপস্থাপন করা হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিজ আলেয়া আক্তার, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাগণ। আলোচকরা এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে জেলা পর্যায়ে সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর জোর দেন।

এ সেমিনারে মুন্সীগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জনাব মোঃ মাহমুদুর রহমান খোন্দকার উপস্থিত ছিলেন।

সেমিনারে অংশগ্রহণকারী কর্মকর্তাদের Sensitization/Orientation প্রদান করা হয়, যাতে করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে মাঠপর্যায়ে কার্যকর ভূমিকা রাখা যায়।

অনুষ্ঠানের উন্মুক্ত আলোচনা পর্বে অংশগ্রহণকারীরা বিভিন্ন বাস্তব অভিজ্ঞতা তুলে ধরেন এবং এসডিজি বাস্তবায়নে বিদ্যমান চ্যালেঞ্জ ও সম্ভাবনা নিয়ে মতবিনিময় করেন।